

১. ফারহান ও আব্দুল্লাহ দুই ভাই। আব্দুল্লাহ তার ব্যাংক হিসাবের মাধ্যমে বছরে কিছু টাকা সুদ পেলেও ফারহান তার ব্যাংক হিসাব থেকে কোন সুদ পান না। হঠাৎ জরুরি প্রয়োজনে ফারহান তার হিসাব থেকে অতিরিক্ত অর্থ উত্তোলনের সুযোগ পায়। অপরদিকে আব্দুল্লাহ জমা অপেক্ষা অতিরিক্ত অর্থের চেক উপস্থাপন করলে ব্যাংক তা দিতে অপরগতা প্রকাশ করে। এতে আব্দুল্লাহ কিছুটা চিন্তিত ও মনঃক্ষুণ্ণ হয়।
- ক) ব্যাংক পাস বই কেন প্রদান করা হয়? ১
- খ) বাণিজ্যিক ব্যাংক কীভাবে বিনিময় মাধ্যম সৃষ্টি করে? ২
- গ) উদ্দীপকের ফারহানের ব্যাংক হিসাবটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- ঘ) আব্দুল্লাহর হিসাবের প্রকৃতি অনুযায়ী তার মনঃক্ষুণ্ণ হওয়া কি যুক্তিযুক্ত? মতামত দাও। ৪
২. জনাব সোবহান পুরান ঢাকায় একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। জনাব সোবহান তার কোম্পানির ১,০০০ শ্রমিকের নিরাপত্তার জন্য একক বিমাপত্রের অধীনে মেঘনা বিমা কোম্পানির সাথে একটি বিমা চুক্তি করেন। মেঘনা বিমা কোম্পানি আবার একই বিমা বিষয়বস্তুর ওপর গোমতী বিমা কোম্পানির সাথে একটি বিমা চুক্তি করেন।
- ক) আজীবন বিমাপত্র কী? ১
- খ) সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২
- গ) উদ্দীপকে উল্লিখিত কোম্পানির মালিক জনাব সোবহান মেঘনা বিমা কোম্পানির সাথে কোন ধরনের বিমা চুক্তি করেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ) উদ্দীপকে উল্লিখিত মেঘনা বিমা কোম্পানি গোমতী বিমা কোম্পানির সঙ্গে যে ধরনের বিমা চুক্তি করেছে তার যথার্থতা মূল্যায়ন করো। ৪